

চিত্রচোর
ডিজিটাল সংস্করণ
চিত্রচোর কমিকস
চিত্রচোর কমিকস
CHITROCHOR.BLOGSPOT.IN
জেফ স্মিথের
বোন
৩য় পর্ব
শ্রেষ্ঠাংশে
ফোনি বোন!
বাংলায় অনুবাদ : ইন্দ্রনীল কাঞ্জিলাল

# বোন

**কাহিনী ও ছবি**

জেফ স্মিথ

**রঙ**

স্টিভ হ্যামাকার

**বাংলায় অনুবাদ**

ইন্দ্রনীল কাঞ্জিলাল

**বর্ণ সংস্থাপন ও সম্পাদনা**

রূপক ঘোষ

** বর্তমান ডিজিটাল সংস্করণটি **একমাত্র চিত্রচোর ব্লগের ব্লগারদের সৌজন্যে অনুদিত ও পরিবেশিত**। এটি একটি অবাণিজ্যিক উদ্যোগ। এই কমিক্স অনুবাদের একমাত্র উদ্দেশ্য বাংলা ভাষাভাষী মানুষের আসল ইংরাজি সংস্করণটি কেনার প্রতি আগ্রহ আরও বৃদ্ধি করা ও উদ্বুদ্ধ করা। এই সংস্করণের কোনও অংশ কোনও ভাবে **চিত্ররূপ বা প্রিন্ট করা** আইনত **দন্ডনীয় অপরাধ**।

**পরিবেশকের অনুমতি ছাড়া** এটা **অন্য কোনও সাইটে বা ব্লগে ছাড়া** অনুচিত।

বাংলা অনুবাদ ও প্রচ্ছদপত্র রূপান্তরের © ২০১৯ ইন্দ্রনীল কাঞ্জিলাল ও চিত্রচোর.ব্লগস্পট.ইন



chitrochor.blogspot.in
chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in


বেশ! ঘুম ছেড়েছে যখন, এবার তাহলে জলখাবারটা চট্‌পট সেরে নাও। বেন ঠাম্মা আসার আগেই ঘরদোর গুছিয়ে সাফসুতরো করে রাখতে হবে আমাদের।
ঠাম্মা গিয়েছিলেন কোথায় শুনি?
ওই তো,ব্যারেলহ্যাভেনে। প্রতি বসন্তেই তো ওখানকার গরুদৌড়ে ঠাম্মা অংশ নেন।
তোমার ঠাম্মা **গরুদৌড়** করান নাকি?
সেই তো বলছি। এ তল্লাটে এমন কোনো গরু নেই যে ঠাম্মার গরুদের একশ মিটার রেসে হারাতে পারে!
**হুম্‌ম!** ভদ্রমহিলাকে তো কাল্টিভেট করতে হচ্ছে!
সে এক হইহই রইরই ব্যাপার, বুঝলে কিনা! লোকেরা সব মুরগী, ছাগল দিয়ে গরুদৌড়ে বাজী ধরে। কেউ কেউ তো আবার ঠাম্মার গরুগুলোর ওপর নিজেদের সমস্ত পোষ্য দাঁওতে লাগিয়ে দেয়! ওই গরুগুলোই ঠাম্মার প্রাণ! তুমি যদি ঠাম্মার গরুদের নিয়ে দুটো ভালো কথা বলো, তাহলে তুমিও ওনার প্রিয়পাত্র হয়ে উঠবে।
আচ্ছা! তাই হবে নাহয়!
খাওয়া হয়েছে তোমার? চলো, এখন জল ভরতে যেতে হবে।
বেশ তাহলে, যাওয়া যাক!
chitrochor.blogspot.in



এরপর তুমি থালাবাসনগুলো ধুয়ে দিও, আমি ততোক্ষণে জ্বালানির কাঠ কেটে নিয়ে আসবো।
!
অ্যাঁ? সে আবার কি?
chitrochor.blogspot.in
কেন? কি হলো?
তুমি তো পুরো কেসটাই **উল্টে** দিলে।
chitrochor.blogspot.in
থালাবাসন ধোওয়া মেয়েদের কাজ! আর কাঠ কাটা নেহাৎই একটা **পুরুষালি** ব্যাপার!
কি বলছিলে যেন? **পুরুষালি**... না কি??
**যাও না!** বাসনকোসন ধোও না গিয়ে... যাও!
chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in
chitrochor.blogspot.in
chitrochor.blogspot.in



অ্যাইও!
বালতিটা নিয়ে কোথায় যাওয়া হচ্ছে শুনি?
কি গো ফোন বোন, করছোটা কি?
আসছি রে বাবা! আসছি!
আচ্ছা... দ্যাখো তো, এই থলেটা কি তোমার?
ও হ্যাঁ! আমারই তো। এর মধ্যে আমার কিছু বইপত্তর আর টুকটাক জিনিষ আছে।
বই? তুমি আবার **বইটইও** পড়ো নাকি?
পড়ি তো। ওই বোনভিল থেকে যখন তিনজনে মিলে ভাগলবা হলুম, তখন কটা বই পুরে নিয়েছিলাম থলেটার মধ্যে ... ওই রাস্তায় একটু পড়বোটড়বো বলে আর কি...
আমি না বই পড়তে খুউউব **ভালোবাসি**। এগুলো **কি** বই গো?
এগুলো? এগুলো **কমিক্স**। স্মাইলি খুব কমিক্সের ভক্ত!
আমি আগে **কক্ষনো** কমিক্সের বই দেখিইনি!
chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in



হুউত্তেরি! হ্যাত্যাত্তেরি! হেএত্তেরি!
chitrochor.blogspot.in
ধুত্তেরিকা !
চ্যাপ্প্যাস্
ছুপ্পুস
ওফ্! সব ওই দুই হতচ্ছাড়ার জন্য হয়েছে, একবার বাগে পাই ওদের, মজা টের পাইয়ে দেবো!
chitrochor.blogspot.in
আচ্ছা! ফোন বোনেরই বা কি **আক্কেল!** আমাকে এভাবে একলা **ফেলে** দিব্যি সট্‌কে পড়লো কাদাখোঁচাটা!
ব্যাটাচ্ছেলে নিশ্চই **এতক্ষণে** বোনভিলে ফিরে গিয়ে তোফা আরামে **খেয়েদেয়ে**, নাক ডাকাচ্ছে!
গুড়্‌ড়্‌ড়্‌! গুড়্‌ড়্‌ড়্‌ড়্‌! গুড়ুড়ুৎ!
chitrochor.blogspot.in
গড়্‌ড়্‌আঁউ!
স্পীকটি নট! এক ঘন্টা আগেই তো **বুনো কুল** খেলাম একখানা! আর কি **চাস,** অ্যাঁ?


হাপ্পুস হুপুস প্লাপুস!
পোড়াকপাল!
কি গেরোতেই না পড়েছি! বোনভিলের জনপ্রিয়তম বোন (এবং ধনীশ্রেষ্ঠ, সেতো বলাই বাহুল্য), এখন দ্যাখো, নিয়তির নিষ্ঠুর বিধানে কেমন গভীর জঙ্গলে পথ হারিয়ে, হাজার বিপদের সঙ্গে পাঞ্জা লড়ছে!
কাল যে রাজা, আজ সে ফকির, সব বরাতের খেল! যেখানেই যাক, ন্যাড়ার মাথায় পড়বে পাকা বেল!
কী আশায় বেঁধে খেলাঘর, বোনভিলে, মোর ঘরে! ভাগ্যের ফেরে ফোনি বোন আজ, ঘুরে ঘুরে শুধু মরে!
নিজের ওপরেই করুণা হয়!
এই যে দাদা! উঠুন দেখি!
হুম্?
chitrochor.blogspot.in


আমি ফোনি বোন. . . বোনভিলের সবচেয়ে **পয়সাওয়ালা** বোন! আমার তুতো ভাই ফোন বোনকে খুঁজছি। দেখেছেন নাকি তাকে এদিকপানে?
chitrochor.blogspot.in
**কি** হলো কি? কথা **মগজে** সেঁদোয়নি? গোব্দাপানা মুখে রা নেই কেন? বাংলা বুঝতে পারো না? হিন্দীতে **বোঝাতে** হবে?
chitrochor.blogspot.in
কেয়া . . . . . . **ফোন বোনকো**. . . . . .
. . . অগলবগল কহিঁ . . . . . . **দেএএখাআ হ্যাহ্যায়?**
ইয়ে. . . দাদা! ও দাদা! কী হয়েছে আমায় বলুন, আমি হেল্প করছি!
সেই **ভালো, এই** দামড়াটাতো বাংলা-হিন্দী কিস্যুই বোঝে না!
chitrochor.blogspot.in


অল্প একটু সরে আসুন দাদা! মানে যদ্দুর গেলে কেউ **আগুন-টাগুন** ছুড়লেও গায়ে লাগবে না আর কি! দিনকাল খুবই খারাপ, বুঝলেন কিনা!
হাড়ে হাড়ে বুঝছি! তা, তুমিটি কে হে?
chitrochor.blogspot.in
আমি টেড। আমি একটি পোকা!
সে তো দেখতেই পাচ্ছি, চোখে চালশে পড়েনি এখনো! এবার পোকামহাশয় যদি দয়া করে **বলেন** যে ফোন বোন বলে কাউকে **চেনেন** কিনা, তাহলে বড়ই বাধিত হই!
**বোন?** আরে হ্যাঁ! চিনি তো!
**চেনেন?** কি **সৌভাগ্য** আমার! তা কোথায় আছে এখন সে?
**এইরে!** তা তো জানিনা! **বরফ পড়ার** পর থেকে তাকে তো আর দেখিনি!
দুত্তোর **ছাতার** মাথা! শোনো হে পোকা, তোমাদের **পঞ্চায়েত প্রধানের** কাছে আমায় নিয়ে চলো দিকি!
chitrochor.blogspot.in
পঞ্চায়েত প্রধান! সেটা আবার কি বস্তু?
**জলদি, জলদি! দাঁড়িয়ে থেকোনা, আগে বাড়ো**
কার কাছে নিয়ে যেতে বলছেন সেটা ঠিক বুঝলুম না!
উত্তর, **উত্তর**, যে আমার প্রশ্নের উত্তর দিতে পারবে, তার কাছে চলো!
তাহলে থর্নের ঠাকুমার কাছে যাওয়াই সবচেয়ে ভালো হবে!
ঠাকুমা, খুড়িমা, পিসিমা, সব চলবে!
তবে কিনা আগেভাগেই বলে দিচ্ছি, আপনার তেড়িয়া মেজাজটা একটু সামলে থাকবেন, **বুড়ি** কিন্তু হেভী **খিটকেল** টাইপের লোক!
ওহে বালক. . . মানে পোকালোক, ফোনি বোনের সামনে **দুনিয়ার** সব মহিলাই বশ! বুঝলে কিনা, যাকে বলে একেবারে জলে গল. . . মানে গলে জল হয়ে যায় **সবাই!**
chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in
আপেলের পিঠে খেতে ভালোবাসো নাকি ফোন?
chitrochor.blogspot.in
**ভালোবাসি** মানে? আপেলের পিঠের জন্য আমি পাগল গো, **পাগল!**
পাগলামি করে **লাভ** নেই যদিও, ঠাম্মার জন্য এটা . . .
. . . **বেন ঠাম্মা** আমার বানানো আপেলের পিঠে **খুউব** পছন্দ করেন . . .
. . . উনি এলে, ওনাকে খাইয়েদাইয়ে **দিলখুশ** করে দিয়ে তারপর তোমার **এখানে থাকার** কথাটা বলবো!
টুরুং
টারাং
chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in


ও কি করতে চাইছেটা কী?
এ তো দেখছি উদ্‌ভ্রান্ত উদ্‌বিড়ালের মত এদিকপানেই ধেয়ে আসছে!
মরেচে! এযে সোজা ঘরে এসে গোঁত্তা খাবে!
হেই মা কালী! সামনে থেকে সরে যাও থর্ন!
chitrochor.blogspot.in
ঘ্যাঁঅ্যাঁঅ্যাঁঅ্যাঁচচচ!
হাম্বা আ আ আ !
হুউউউশশশ
গদাম!
খড়াম!
কি হলো ব্যাপারটা?
ইরিক! তোমার ঠাম্মা গরুটার **লেজ** টেনে ধরে ব্রেক কষে দিয়েছে!
হাম্বা !



chitrochor.blogspot.in


কিন্তু ঠাম্মা. . .
নো কিন্তু-টিন্তু। তোমার পোষ্যরা ঘরময় ঘুরঘুর করবে, সেটা আমার বিলকুল না-পসন্দ!
ঠাম্মাআ! ওরা আমার পোষ্য নয়!
নয়তো কী? যাদের দিয়ে সংসারের কোনো কাজ হয় না, তাদের পোষ্যই বলে।
chitrochor.blogspot.in
বহুত হো গিয়া! চল ফোন, এখানে আর এক মুহূর্তও নয়!
ঠাম্‌ম্মাআআ!
আরে. . . আপেলের পিঠের গন্ধ মনে হচ্ছে!
chitrochor.blogspot.in
হ্যাঁগো! তোমার জন্যই তো তরিবৎ করে বানালুম!
আমার সোনা-টা। ঠাম্মাকে কত্ত ভালোবাসে পুচুটা আমার!
জলদি! চল এইবেলা সট্‌কে পড়ি!
অ্যাই দাঁড়া! থর্ন বলেছে, বেন ঠাম্মা আমাদের বোনভিলে ফেরার রাস্তা বাৎলে দেবে!
গুষ্টির পিন্ডি দেবে! ছেড়ে দে আমাকে!
একটু সবুর কর না রে বাপু. . . আমি আগে সব বুঝিয়ে বলি ওনাকে!
কে কোথায় আছো! বাঁচাও! আমার তুতো ভাইটার মগজধোলাই করা হয়েছে! হায় ভগবান! এরা তোকে শেষে জোম্বীপানা ঘরজামাইখানা করে রেখে দেবে রে ফোনভাই!!
chitrochor.blogspot.in



ঠাম্মা, ওরা বোন পরিবারের ছেলে সব। বোনভিল বলে একটা জায়গায় থাকে। পথ হারিয়ে এখানে চলে এসেছে, আমাদের সাহায্য ছাড়া ওরা কি করে ফিরে যাবে, তুমিই বলো!
এই! স্মাইলি কোথায় রে?
স্মাইলি? ও তোর সঙ্গে নেই?
chitrochor.blogspot.in
না তো! ছাড়াছাড়ি হওয়ার পর তো ওকে আর দেখিনি! কিন্তু ও এখানেই কোথাও আছে। ওর আধখাওয়া চুরোটের টুকরো আমি রাস্তায় পড়ে থাকতে দেখেছি!
আমি তো অলম্বুষটাকে লাস্ট তখনই দেখেছি, যখন ওই পঙ্গপালের দঙ্গল আমাদের ওপর ঝাঁপিয়ে পড়েছিল!
chitrochor.blogspot.in
হ্যাঁ, সেই তো. . . আমিও তখনই শেষবারের মতো দেখেছিলাম ওকে!
ছাড়, ছাড়! ও ব্যাটা ঠিকই আছে কোথাও! এই! তোর সুন্দরী বন্ধুর সঙ্গে আমার পরিচয় করিয়ে দিবি না?
ও হ্যাঁ. . . ফোনি, এ হলো থর্ন. . . আর থর্ন, এই আমার এক তুতো ভাই, ফোনি বোন।
তো কি চলছে? উঁ? উঁ? তোদের দুজনের মধ্যে গুলুগুলু হলো কিছু? বল. . . বল. . . বলবি না আমাকে?
ফোনি!
কিস্‌স্যু হয়নি? নো ফষ্টিনষ্টি? ধ্যুস্! তুই নিশ্চই ওকে মবি ডিক পড়ে শোনাতে গেছিলি?
chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in
chitrochor.blogspot.in

# তৃতীয় অধ্যায় সমাপ্ত

**কি হবে এরপর ? জানতে চোখ রাখুন চিত্রচোর ব্লগে।**




CHITROCHOR.BLOGSPOT.IN

আপনি কি দেশি-বিদেশী
কমিকস্ এর ভক্ত!!

এই ঠিকানায় একবার এলে
বেরনো খুবই শক্ত!!